



বিনিয়ার বিভিন্ন অংশ

ন্যাশনাল এন্টারপ্রাইজ আর্কিটেকচার পোর্টাল এবং তথ্য বাতায়ন


সম্প্রতি BNEA পোর্টালের (nea.bcc.gov.bd) beta version বানানো হয়েছে, যা সরকারের মন্ত্রণালয়, বিভাগ ও দফতর, শিক্ষা এবং তথ্যপ্রযুক্তি খাতের জন্য তথ্য বা জ্ঞানভাণ্ডার হিসেবে বিবেচিত হবে। এই পোর্টাল আইসিটি সেবা বা পণ্যের মানদণ্ড নিশ্চিত করা, আন্তঃপরিবাহীতা, গবেষণা, উন্নয়ন এবং ব্যবহারকারীদের পারস্পরিক সহযোগিতা ইত্যাদি ক্ষেত্রে বাংলাদেশ সরকারের জন্য একটি প্লাটফর্ম। ব্যবহারকারীরা এখানে BNEA সংক্রান্ত খবর, সর্বশেষ কার্যক্রম, বিভিন্ন প্রোগ্রাম, সেমিনার, অনুষ্ঠানের ঘোষণা ইত্যাদি সম্পর্কে জানতে পারবেন। উল্লেখ্য, এই পোর্টালটি W3C-এর মানদণ্ড অনুসরণ করে বানানো হয়েছে।

BNEA তথ্য বাতায়ন হলো একটি অনলাইন অ্যাপ্লিকেশন সিস্টেম, যেখানে ব্যবহারকারীরা

BNEA সংক্রান্ত তথ্য, আইসিটি সেবা বা পণ্য কেনার ক্ষেত্রে অনুসরণীয় মানদণ্ড, মূল নীতিমালা, বিবরণী, জাতীয় সার্ভিস বাস সংক্রান্ত তথ্য, BNEA-এর বিভিন্ন উপাদানের আদর্শ নমুনা,



ওপেনসোর্সে নিয়া বাসের ডব্লিউএসএ প্রশিক্ষণ



বিনিয়ার পরিচালনা কার্যক্রমের কাঠামো

আর্কিটেকচার নকশা প্রণয়নের সহায়ক নির্দেশিকা, পাইলট সার্ভিসের বিবরণ, সার্ভিস বাসে নতুন সেবা সংযুক্তির ক্ষেত্রে করণীয় ইত্যাদি সম্পর্কে জানতে পারবেন। এছাড়া নিবন্ধন করা ব্যবহারকারীরা সার্ভিস বাসে সংযুক্ত সার্ভিস ব্যবহার, BNEA তথ্যভাণ্ডার ও অন্যান্য বিশেষায়িত তথ্য-উপাত্ত ব্যবহারের সুযোগ পাবেন।

জাতীয় সার্ভিস বাস বাস্তবায়ন

NEA-এর মেরুদণ্ড হলো জাতীয় সার্ভিস বাস। সার্ভিস বাস মূলত ইলেকট্রনিক তথ্য বিনিময় করার একটি মিডলওয়্যার প্লাটফর্ম। পর্যায়ক্রমে বিভিন্ন সরকারি সেবা জাতীয় সার্ভিস বাসে সংযুক্ত হবে। বাংলাদেশ কমপিউটার কাউন্সিলের ন্যাশনাল ডাটা সেন্টারে এটি পরীক্ষামূলকভাবে বাস্তবায়ন করা হয়েছে। চূড়ান্ত পর্যায়ে এটি একটি ওপেনসোর্স সফটওয়্যার ও একটি মালিকানা সফটওয়্যারের সমন্বয়ে হাইব্রিড ব্যবস্থা হিসেবে বাস্তবায়ন করা হবে। ওপেনসোর্স সফটওয়্যার হিসেবে WSO2 ব্যবহারের সিদ্ধান্ত নেয়া হয়েছে। WSO2 হলো এসওএভিভিক একগুচ্ছ সফটওয়্যার ও টুলের সমন্বিত প্লাটফর্ম।

জাতীয় সার্ভিস বাসে সরকারি সেবা সংযুক্তি

চূড়ান্ত লক্ষ্য যদিও সব ই-সার্ভিসকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া, কিন্তু বর্তমানে পরীক্ষামূলকভাবে তিনটি ই-সেবাকে ন্যাশনাল সার্ভিস বাসের সাথে সম্পৃক্ত করা হয়েছে। প্রাথমিক শিক্ষকদের অবসরোত্তর ভাতা অনুমোদন ও বন্টন প্রক্রিয়া একটি গুরুত্বপূর্ণ ও অতি প্রয়োজনীয় সেবা ছাড়াও খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং মোবাইল সিম নিবন্ধন সেবাও এর অন্তর্ভুক্ত।

ন্যাশনাল সার্ভিস বাসের সাথে জাতীয় পরিচয়পত্র ডাটাবেজ সংযুক্ত করা

জাতীয় পরিচয়পত্রের একটি সিরিয়াল নাম্বার একেই নাগরিকের গুরুত্বপূর্ণ তথ্য বহন করে। প্রতিটি সিরিয়াল নাম্বারই স্বতন্ত্র। ন্যাশনাল সার্ভিস বাসের সাথে জাতীয় পরিচয়পত্র ডাটাবেজ সংযুক্ত করা হলে দেশের নাগরিকদের জন্য শুধু ই-সেবাই নয় বরং নিশ্চিহ্ন নিরাপত্তাসহ ই-সেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া সম্ভব হবে। NEA প্রকল্পটির মাধ্যমে ন্যাশনাল সার্ভিস বাসের ▶